# মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার কোর্স প্রবর্তন প্রসঙ্গে

বর্তমান যুগ তথ্যের যুগ। বিজ্ঞান ও প্রযুক্তির যুগ। এ যুগে কম্পিউটার ছাড়া কিছু চিন্তাই করা যায় না। ১৯৯৫ সালে এক সরকারি প্রজ্ঞাপনে বলা হয়েছিল, মাধ্যমিক পর্যায়ে যেকোনো বিদ্যালয়ে বৈদ্যুতিক সুবিধাসহ আনুষঙ্গিক অন্য সুবিধাসমূহ বর্তমান থাকলে এই বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষক নিয়োগদান করা যাবে। সরকারের এই সিদ্ধান্তটি সত্যিই প্রশংসার দাবিদার। তৃণমূল পর্যায় থেকে অর্থাৎ মাধ্যমিক পর্যায় থেকে কম্পিউটারের ব্যাপারে ছাত্রছাত্রীদের সামান্যতম জ্ঞান থাকলেও পরবর্তী পর্যায়ে তারা কম্পিউটারের ব্যবহার সম্পর্কে উৎসাহিত হবে এবং তাদের মধ্যে শেখার আগ্রহ জন্মাবে। ছাত্রছাত্রীরা কম্পিউটার শিখবে, জানবে এবং উচ্চশিক্ষা গ্রহণ করবে। এই ছিল এ কোর্স প্রবর্তনের মূল উদ্দেশ্য। যাতে করে দেশ একদিন তথ্য প্রযুক্তির অন্যতম ক্ষেত্রে পরিণত হয়।

কিন্তু দুঃখের বিষয়, সরকারের বা আমাদের সেই আশা আদৌ পূরণ হবে বলে আমার মনে হয় না। কারণ সেই ১৯৯৫ সালে যখন কম্পিউটার শিক্ষক (মাধ্যমিক স্তরে) নিয়োগ দেওয়ার সময় মন্ত্রণালয়ের একটি চিঠিতে বলা ছিল যদি কোনো মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার কোর্স চালু করা হয় তখন তাদের সরকারের পক্ষ থেকে আরো পাঁচটি কম্পিউটার দেওয়া হবে। সেই মোতাবেক আমাদের বিদ্যালয় একটি কম্পিউটার ক্রয় করে তার ক্যাশমেমো, ভাউচার মন্ত্রণালয়ে দাখিল করে। যথারীতি আমি সরকারি বেতন ভোগ করতে থাকি। ১৯৯৭ সালে নট্রামস, বগুড়া থেকে প্রশিক্ষণ দিয়ে এসে সেই থেকে সিনিয়র স্কেলে বেতন ভাতা ভোগ করছি। কিন্তু আজো আমার বিদ্যালয়ে একটি কম্পিউটারও পেলাম না। ইতিমধ্যে ভাইরাসের আক্রমণে আমাদের কম্পিউটারের হার্ডডিস্ক খারাপ হয়ে গেছে। যা আজো মেরামত করা সম্ভব হয়নি।

অন্যদিকে যারা মাধ্যমিক পর্যায়ে কম্পিউটার বিষয় নিয়ে পাস করে যাচ্ছে পরবর্তী সময়ে তারা এই কম্পিউটার বিষয়ে পড়ার উৎসাহ হারিয়ে ফেলে। কারণ বিভিন্ন ভালো কলেজে ভর্তি পরীক্ষায় দেখা যাচ্ছে যে, তাতে কম্পিউটারের জন্য কোনো প্রশ্ন করা হচ্ছে না। বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাগুলোর দিকে তাকালেও দেখা যাচ্ছে যে তাদের ভর্তি পরীক্ষায়ও এ বিষয় অন্তর্ভুক্ত থাকছে না। সেরূপ মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, কৃষি ও অন্য বিশ্ববিদ্যালয়সমূহেও একই অবস্থা বিরাজ করছে।

এমতবস্থায় উপরোক্ত বিষয়ের আলোকে ত্বরিত পদক্ষেপ নেওয়ার জন্য মন্ত্রণালয়, কারিগরি শিক্ষা বোর্ডসহ সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করছি।

**মোঃ হোসেন**
**কম্পিউটার শিক্ষক**
**পানপাড়া উচ্চ বিদ্যালয়**
**পানপাড়া, রামগঞ্জ, লক্ষীপুর**

তারিখ ... OCT 3 1 199... পৃষ্ঠা ... কলাম ...